**Booklet No.**

## PUBDET—2018

81111623

# Subject : BENGALI

*সময়* : ৯০ মিনিট

*সর্বাধিক নম্বর* : ১০০

SEAL

### *নির্দেশাবলী*

১। এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবেজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর দিলে *2* নম্বর পাবে। ভুল উত্তর দিলে অথবা একাধিক উত্তর দিলে ½ নম্বর কাটা যাবে।

২। OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩। OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র কালো বা নীল বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪। OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোন দাগ দেবে না।

৫। OMR পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬। OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষা কেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের সম্পূর্ণ সাক্ষর দিতে হবে।

৭। OMR উত্তরপত্রটি ইলেকট্রনিক যন্ত্রের সাহায্যে পড়া হবে। সুতরাং প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে উত্তরপত্রটি অনিবার্য কারণে বাতিল হতে পারে। এছাড়া পরীক্ষার্থীর নাম, পরীক্ষা কেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোন ভুল থাকলেও উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR উত্তরপত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসতর্কতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

SEAL

৮। মোবাইলফোন, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোন ধরণের তালিকা পরীক্ষা কক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯। প্রশ্নপত্রের শেষে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোন কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০। পরীক্ষা কক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

SPACE FOR ROUGH WORK

1. মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত 'চর্যাপদ'-এর পুঁথিটির উপর নাম হিসাবে কী লেখা ছিল ?

(A) চর্যাগীতি কোষ

(B) চর্য্যাচর্য্যবিনিশ্চয়

(C) চর্যাচর্য্যটীকা

(D) আশ্চর্য্যচর্যাচয়

2. 'চৈতন্যচন্দ্রোদয়' গ্রন্থটির লেখক কে ?

(A) মুরারি গুপ্ত

(B) পরামানন্দ সেন

(C) প্রবোধানন্দ সরস্বতী

(D) স্বরূপ দামোদর

3. নিমাই পণ্ডিতকে 'শ্রীকৃষ্ণচৈতন্য' নাম কে দিয়েছিলেন ?

(A) ঈশ্বর পুরী

(B) বাসুদেব সার্বভৌম

(C) জগন্নাথ মিশ্র

(D) কেশব ভারতী

4. 'রাজাবলি' গ্রন্থটির লেখক হলেন

(A) রামরাম বসু

(B) মৃত্যুঞ্জয় বিদ্যালংকার

(C) গোলোকনাথ শর্মা

(D) উইলিয়ম কেরি

**5.** গঙ্গাকিশোর ভট্টাচার্য কোন্ পত্রিকার সম্পাদক ছিলেন?

(A) সংবাদ কৌমুদী

(B) সংবাদ প্রভাকর

(C) বাঙ্গাল গেজেট

(D) ক্যালকাটা রিভিয়্যু

**6.** 'ভার্নাকুলার' লিটারেচর সোসাইটি কবে প্রতিষ্ঠিত হয়?

(A) ১৮৪৯

(B) ১৮৫০

(C) ১৮৫১

(D) ১৮৫২

**7.** কাদম্বরী দেবীকে স্মরণ করে বিহারীলাল চক্রবর্তী লিখেছিলেন

(A) সাধের আসন

(B) সঙ্গীত শতক

(C) বঙ্গসুন্দরী

(D) সারদামঙ্গল

**8.** প্রমথ চৌধুরী ছিলেন একাধারে

(A) ঔপন্যাসিক, সাহিত্য সমালোচক, পত্রিকা-সম্পাদক, কবি

(B) পত্রিকা-সম্পাদক, প্রাবন্ধিক, কবি, গল্পকার

(C) ছোটো গল্পকার, গদ্যকার, নাট্যকার, সনেট রচয়িতা

(D) প্রবন্ধকার, প্রহসনকার, কবি, পত্রিকা-সম্পাদক

9. 'কামন্দক' ছদ্মনামটি ব্যবহার করতেন কে ?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(C) বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র

(D) শিবরাম চক্রবর্তী

10. ''এই চোখ বুজে চলাই হচ্ছে জগতের সবচেয়ে আদিম চলা।'' রবীন্দ্রনাথের **'কর্তার ভূত'** গদ্যাংশে এ উক্তিটি কার ?

(A) স্বয়ং লেখকের

(B) বুড়ো কর্তার

(C) দেবতার

(D) দেশের তত্ত্বজ্ঞানীদের

11. কবি জয় গোস্বামীর লেখা একটি বিখ্যাত কাব্য হল

(A) ফিরে এসো চাকা

(B) যেতে পারি কিন্তু কেন যাব

(C) যারা বৃষ্টিতে ভিজেছিল

(D) যৌবন বাউল

12. নাট্যকার অজিতেশ বন্দ্যোপাধ্যায় যে নাট্যদলের প্রতিষ্ঠা করেন

(A) নান্দীকার

(B) নাট্যচক্র

(C) বহুরূপী

(D) সুন্দরম

13. জীবনানন্দের 'শিকার' কবিতায় কোন্ ফুলের কথা বলা হয়েছে ?

(A) বাতাবিলেবুর ফুল

(B) মচকা ফুল

(C) সুন্দরী গাছের ফুল

(D) মেহগনির ফুল

14. সুভাষ মুখোপাধ্যায়ের 'আমার বাংলা' ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় বেরিয়েছিল ?

(A) কিশোর ভারতী

(B) যষ্টিমধু

(C) রংমশাল

(D) অচলপত্র

15. 'অলৌকিক' গল্পের লেখক কর্তার সিং দুগ্গাল কোন্ ভাষার সাহিত্যিক ?

(A) উর্দু

(B) পাঞ্জাবি

(C) গুজরাটি

(D) হিন্দি

16. রবীন্দ্রনাথের 'পোষ্টমাস্টার' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(A) হিতবাদী

(B) সাধনা

(C) ভারতী

(D) সবুজপত্র

**17.** 'রাঢ়ের জাতীয় কাব্য' বলতে কোন্ মঙ্গলকাব্যকে বোঝানো হয়?

(A) মনসামঙ্গল

(B) চণ্ডীমঙ্গল

(C) অন্নদামঙ্গল

(D) ধর্মমঙ্গল

**18.** নিম্নলিখিত কোন্ মন্তব্যটি ত্রুটিপূর্ণ?

(A) 'ডাকাতের মা'-র লেখক সতীনাথ ভাদুড়ি

(B) 'নুন'-এর রচয়িতা জয় গোস্বামী

(C) 'শিক্ষার সার্কাস' লিখেছেন গাবরিয়েল গার্সিয়া মার্কেজ

(D) 'বাড়ির কাছে আরশীনগর'-এর রচয়িতা লালন ফকির

**19.** নিম্নলিখিত কোন্ যুগ্মটি সঠিক?

(A) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়—'তৃণাঙ্কুর'

(B) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়—'ছোট বকুলের যাত্রী'

(C) মানিক বন্দ্যোপাধ্যায়—'চৈতালি ঘূর্ণি'

(D) মহাশ্বেতা দেবী—'আমার সাহিত্য জীবন'

**20.** নিম্নলিখিত কোন্ উক্তিটি ত্রুটিপূর্ণ?

(A) বিদ্যাপতির পৃষ্ঠপোষক ছিলেন রাজা শিবসিংহ

(B) কাশীরাম দাসের পৃষ্ঠপোষক ছিলেন পরাগল খান

(C) দৌলত কাজির পৃষ্ঠপোষক ছিলেন আশরফ খান

(D) ভারতচন্দ্রের পৃষ্ঠপোষক ছিলেন মহারাজা কৃষ্ণচন্দ্র

21. টপ্পাগানের উৎকর্ষ বিধানে কে যত্নবান হন?

(A) গোঁজলা গুঁই

(B) কুলুইচন্দ্র সেন,

(C) রামনিধি গুপ্ত

(D) রূপচাঁদ পক্ষী

22. "কিন্তু মানবেতিহাসে মাঝে মাঝে মলমাস"—এই কাব্যচরণটির লেখক কে?

(A) জীবনানন্দ দাশ

(B) বুদ্ধদেব বসু

(C) সুভাষ মুখোপাধ্যায়

(D) সুধীন্দ্রনাথ দত্ত

23. নিম্নলিখিত কোন্ নাটকটি নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের লেখা?

(A) বুদ্ধদেব চরিত

(B) অশ্রুমতী

(C) আলমগীর

(D) দুর্গাদাস

24. 'দুরাকাঙ্ক্ষের বৃথাভ্রমণ' গ্রন্থটি কার লেখা?

(A) ভূদেব মুখোপাধ্যায়

(B) কৃষ্ণকমল ভট্টাচার্য

(C) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

(D) প্যারীচাঁদ মিত্র

**25.** নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি শিশু-কিশোর পত্রিকা নয় ?

(A) হাসিরাশি

(B) বালক

(C) মুকুল

(D) রামধনু

**26.** নিম্নলিখিত প্রবাদগুলির মধ্যে কোনটি ব্যক্তিগত বিষয়ক ?

(A) রানী ভবানী আর ফুল জেলেনী

(B) মেয়ে বাঁচলে জামাইয়ের আদর

(C) হরি ঘোষের গোয়াল

(D) যারে দেখতে নারি তার চলন বাঁকা

**27.** নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি কেন্তম্ গোষ্ঠীর মধ্যে পড়ে না ?

(A) ইতালীয়

(B) কেলতিক্

(C) বালতিক

(D) গ্রিক

**28.** ''সংস্কৃত ব্যাকরণের একটু ইতস্ততঃ করিয়া তাহাকে বাংলা ব্যাকরণ নাম দেওয়া হয়।'' এই অভিমতটি কার ?

(A) হরপ্রসাদ শাস্ত্রীর

(B) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের

(C) সুকুমার সেনের

(D) রবীন্দ্রনাথ ঠাকুরের

**29.** নিম্নলিখিত কোন্ বক্তব্যটি সঠিক নয় ?

(A) সিরিয়া-প্যালেস্টাইন বর্ণমালার আদি জন্মভূমি

(B) বিদেশি ভাষা শেখার ক্ষেত্রে IPA তেমন গুরুত্বপূর্ণ নয়

(C) আধুনিক পৃথিবীর যাবতীয় বর্ণমালার সৃষ্টি আদি সেমিটিক বর্ণমালা থেকে

(D) দক্ষিণ সেমিটিক বর্ণমালা থেকে জন্ম নিয়েছিল সাবীয় বর্ণমালা

**30.** ভাষাবিজ্ঞানের পরিভাষায় 'Sociolect' হল

(A) ভাষার আঞ্চলিক স্তরভেদ

(B) ভাষার এককালিক স্তরভেদ

(C) ভাষার ঐতিহাসিক স্তরভেদ

(D) ভাষার সামাজিক স্তরভেদ

**31.** "তুমি নির্মল কর মঙ্গল করে মলিন মর্ম মুছায়ে"—গানটির রচয়িতা কে ?

(A) অতুলপ্রসাদ সেন

(B) রজনীকান্ত সেন

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) কাজী নজরুল ইসলাম

**32.** 'ইন্ডিয়ান সোসাইটি অফ ওরিয়েন্টাল আর্ট'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

(A) হেনরি হোভার লক

(B) আর্নেস্ট বিনকিল্ড হ্যাভেল

(C) অবনীন্দ্রনাথ ঠাকুর

(D) নন্দলাল বসু

**33.** নিম্নলিখিত কোন্ তথ্যটি সঠিক নয় ?

(A) লুমিয়ের ব্রাদার্সরা চলচ্চিত্র শিল্পের জনক

(B) ভারতীয় চলচ্চিত্রে প্রথম তথ্যচিত্রকার ছিলেন দাদাসাহেব ফালকে

(C) শিশিরকুমার ভাদুড়ির উদ্যোগে 'তাজমহল ফিল্ম কোম্পানি'র জন্ম হয়

(D) নিউ থিয়েটার্সকে প্রথম ভারতজোড়া সাফল্য এনে দেন দেবকীকুমার বসু

**34.** 'অ্যালবার্ট ভিক্টর মেডিক্যাল কলেজ' বর্তমানে কী নামে পরিচিত ?

(A) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ

(B) রাধাগোবিন্দ কর মেডিক্যাল কলেজ

(C) কলকাতা মেডিক্যাল কলেজ

(D) চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজ

**35.** স্বদেশি শিল্পোদ্যোগের সঙ্গে যুক্ত ছিলেন না যিনি

(A) গিরীন্দ্রশেখর বসু

(B) মহেন্দ্রচন্দ্র নন্দী

(C) কালিদাস শীল

(D) রাজকৃষ্ণ কর্মকার

**36.** কত খ্রিস্টাব্দে গুরুসদয় দত্ত 'ব্রতচারী লোকনৃত্য সমিতি' স্থাপন করেন ?

(A) ১৯২৯

(B) ১৯৩০

(C) ১৯৩১

(D) ১৯৩২

37. স্বরধ্বনি সম্পর্কিত নিম্নলিখিত যে তালিকাটি অসঙ্গতিপূর্ণ সেটি হল

(A) অ = নিম্নমধ্য, পশ্চাৎ, বর্তুল, অর্ধবিবৃত

(B) ই = উচ্চমধ্য, সম্মুখ, প্রসৃত, সংবৃত

(C) উ = উচ্চমধ্য, সম্মুখ, বর্তুল, সংবৃত

(D) ও = উচ্চমধ্য, পশ্চাৎ, বর্তুল, অর্ধসংবৃত

38. নিম্নলিখিত তালিকার মধ্যে অসঙ্গতিপূর্ণ নাম কোনটি ?

(A) জাঁ জ্যাকুইস রুশো

(B) ফার্দিনান্দ দ্য সোস্যুর

(C) লিওনার্দ ব্লুমফিল্ড

(D) নোয়াম চমস্কি

39. জন কিট্সের রচনা-তালিকায় পড়ে না, এমন একটি কবিতার নাম

(A) এন্ডিমিয়ম

(B) লুসি পোয়েমস্

(C) ওড্ টু সাইকি

(D) টু অটাম

40. 'সুয়েজখালে : হাঙ্গর শিকার' রচনাংশে স্বামী বিবেকানন্দ ''সচকিত নয়নং পশ্যতি তব পন্থানং'' বাক্যবন্ধটি কোথা থেকে সংগ্রহ করেছেন ?

(A) কালিদাসের 'মেঘদূত' থেকে

(B) ভবভূতির 'মালতীমাধব' থেকে

(C) শ্রীহর্ষের 'রত্নাবলী' থেকে

(D) জয়দেবের 'গীতগোবিন্দ' থেকে

41. সত্যেন্দ্রনাথ বসুর 'গ্যালিলিও' শীর্ষক রচনায় ফ্লোরেন্সের ডিউকের পুত্রের নাম কী?

(A) কস্‌মো

(B) মাইকেল এঞ্জেলো

(C) বেলারিমিন

(D) কোপারনিকাস

42. মধুসূদনের 'বীরাঙ্গনা কাব্য' কোন্ বিদেশি পত্রকাব্যকার-এর অনুসরণে লেখা?

(A) হোমার

(B) দান্তে

(C) ওভিদ

(D) ভার্জিল

43. রবীন্দ্রনাথের 'অচলায়তন' নাটকটি কিঞ্চিৎ রূপান্তরিত করে সহজে অভিনয়যোগ্য নাটক হিসেবে 'গুরু' শিরোনামে প্রকাশিত হয় কবে?

(A) ১৯১৭

(B) ১৯১৮

(C) ১৯১৯

(D) ১৯২০

44. নিম্নলিখিত তালিকায় কোনটি শক্তি চট্টোপাধ্যায়ের লেখা কাব্য নয়?

(A) ছিন্ন বিচ্ছিন্ন

(B) পাড়ের কাঁথা মাটির বাড়ি

(C) সোনার মাছি খুন করেছে

(D) সূর্যাস্তে নির্মিত গৃহ

**45.** শিক্ষার্থী রবীন্দ্রনাথের প্রথম স্কুল ছিল কোনটি ?

(A) নর্ম্যাল স্কুল

(B) ওরিয়েন্টাল সেমিনারি

(C) বেঙ্গল একাডেমি

(D) সেন্ট জেভিয়ার্স স্কুল

**46.** 'ভবনির্বাণে পড়হ মাদলা'—এই চর্যাগানের রচয়িতা কে ?

(A) সরহপাদ

(B) ভুসুকুপাদ

(C) কাহ্নপাদ

(D) শবরীপাদ

**47.** গৌড়বঙ্গে শান্তি-শৃঙ্খলা স্থাপিত হয় কোন্ সুলতানের আমলে ?

(A) রুকনুদ্দিন বারবক শাহ

(B) আলাউদ্দিন হুসেন শাহ

(C) নাসিরুদ্দিন মাহমুদ শাহ

(D) সামাসুদ্দিন ইলিয়াস শাহ

**48.** 'গৃহধর্ম', 'জাতিভেদ', 'মাঘোৎসবের উপদেশ', 'রামমোহন রায়'—এই রচনাগুলির লেখক কে?

(A) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর

(B) শিবনাথ শাস্ত্রী

(C) রাজনারায়ণ বসু

(D) কেশবচন্দ্র সেন

**49.** নিম্নলিখিত তালিকায় কোনটি অসঙ্গতিপূর্ণ?

(A) হরিশচন্দ্র

(B) লীলাবতী

(C) কমলে কামিনী

(D) জামাই বারিক

**50.** এদেশে IPTA (Indian People's Theatre Association)-এর প্রতিষ্ঠা হয়েছিল কবে?

(A) ১৯৪০

(B) ১৯৪২

(C) ১৯৪৩

(D) ১৯৪৪

★ ★ ★